**বাংলাদেশ নির্বাচন কমিশন**

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

www.ecs.gov.bd

নম্বর- ১৭.০০.০০০০.০১৬.১১.০২৯.২৪.৩৮৮

তারিখঃ ০৯ আশ্বিন ১৪৩১
২৪ সেপ্টেম্বর ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে। আবেদন করিতে ইচ্ছুক প্রার্থীগণ http://ecs.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করিয়া আবেদনপত্র পূরণ করিতে পারিবেন।

| ক্রমিক নং | পদের নাম ও কার্যালয় | গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কম্পিউটার অপারেটর<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট] | গ্রেড-১৩<br>(১১০০০-২৬৫৯০/-) | ১ | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ২. | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>[আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয় ও সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়] | গ্রেড-১৩<br>(১১০০০-২৬৫৯০/-) | ৫ | ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>(গ) প্রার্থীকে অবশ্যই: (১) সাঁট-লিপিতে প্রতি মিনিটে বাংলা ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দ, (২) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। |
| ৩. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>[নির্বাচন কমিশন সচিবালয়] | গ্রেড-১৩<br>(১১০০০-২৬৫৯০/-) | ১ | ৩০ (ত্রিশ) বৎসর | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৪. | ফিজিক্যাল ইন্সট্রাক্টর (পুরুষ ও মহিলা)<br>[নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট] | গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০/-) | ২ | ৩০ (ত্রিশ) বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন সার্টিফিকেট। |
| ৫. | উচ্চমান সহকারী<br>[নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০/-) | ২১ | ৩০ (ত্রিশ) বৎসর | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office-এ অভিজ্ঞতা। |
| ৬. | স্টোর কিপার<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০/-) | ১৪ | ৩০ (ত্রিশ) বৎসর | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office-এ অভিজ্ঞতা। |
| ৭. | হিসাব সহকারী<br>[নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০/-) | ১৩ | ৩০ (ত্রিশ) বৎসর | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office-এ অভিজ্ঞতা। |
| ৮. | চিকিৎসা সহকারী<br>[নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট] | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ২ | ৩০ (ত্রিশ) বৎসর | (১) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে Medical Assistant Training School কোর্স সার্টিফিকেট; এবং<br>(২) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম ও কার্যালয় | গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৯. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ১৬৭ | ৩০ (ত্রিশ) বৎসর | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং MS Office এ অভিজ্ঞতা; এবং<br>(৩) কম্পিউটারে এম এস অফিসসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(৪) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। |
| ১০. | গাড়ি চালক (হালকা)<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ৩ | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। |
| ১১. | ডেসপাস রাইডার<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট] | গ্রেড-১৭<br>(৯০০০-২১৮০০/-) | ২ | ৩০ (ত্রিশ) বৎসর | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) মোটর সাইকেল চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। |
| ১২. | রেস্ট হাউজ কেয়ারটেকার<br>[জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কক্সবাজার] | গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০/-) | ১ | ৩০ (ত্রিশ) বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩. | অফিস সহায়ক<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০/-) | ১২২ | ১৮-৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪. | নিরাপত্তা প্রহরী<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০/-) | ৫ | ৩০ (ত্রিশ) বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫. | পরিচ্ছন্নতাকর্মী<br>[নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০/-) | ১০ | ৩০ (ত্রিশ) বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করিতে হইবেঃ**

(১) **৩১ অক্টোবর ২০২৪** তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

(২) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনলাইনে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর option এ select করিতে হইবে। অন্যান্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। **[বিভাগীয় প্রার্থী বলতে এরূপ কর্মচারী যিনি নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত]।**

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা, পরিবর্তিত (প্রযোজ্য ক্ষেত্রে) বিধি-বিধান এবং কোটা অনুসরণ করা হইবে।

(৪) মৌখিক পরীক্ষার অংশগ্রহণের সময় জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং বিশেষ কোটার [প্রযোজ্য ক্ষেত্রে] সমর্থনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করিতে হইবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হইলে আবেদনকারী যেই মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

(৫) মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application Form সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, বিশেষ কোটার [প্রযোজ্য ক্ষেত্রে] ও প্রশিক্ষণ সনদের সমর্থনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হইলে আবেদনকারী যেই মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপিও দাখিল করিতে হইবে।

(৬) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহারের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৭) প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে। পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে জানানো হইবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হইবে না।

(৮) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলিয়া গণ্য হইবে।

(৯) নিয়োগ সংক্রান্ত ও নিয়োগ প্রক্রিয়ার যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(১০) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **০১ অক্টোবর ২০২৪, পূর্বাহ্ন- ০৯:০০ ঘটিকা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **৩১ অক্টোবর ২০২৪, অপরাহ্ন- ০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অর্থ জমা দিতে পারিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও সদ্য তোলা স্পষ্ট রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করিয়া নির্ধারিত স্থানে Upload করিবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন কপি প্রিন্ট পূর্বক পরীক্ষা সংক্রান্ত যেই কোন প্রয়োজনে ব্যবহারের নিমিত্ত সংরক্ষণ করিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাইবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট পূর্বক সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেই কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া ক্রমিক ১ হইতে ১০ এ উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক ১১ হইতে ১৫ এ উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।**

**প্রথম SMS: ECS<space>User ID লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে।**

**Example: ECS ABCDEF**

Reply: Applicant's Name, Tk-........... will be Charged as Application Fee. Your PIN is 12345678. To Pay Fee Type ECS<Space>Yes<Space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: ECS<space>Yes<space>PIN লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে।

**Example: ECS YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for ECS Application for Post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://ecs.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থী) যথাসময়ে জানানো হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনাসমূহ তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করিয়া নিবেন। প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্রটি প্রদর্শন করিতে হইবে;**

জ. শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile নম্বর হইতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন:

i. User ID জানা থাকিলে ECS<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: ECS Help User ABCDEF & Send to 16222.

ii. PIN Number জানা থাকিলে : ECS<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. Example: ECS Help PIN 12345678 & Send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় এর ওয়েবসাইট (www.ecs.gov.bd) এ বিজ্ঞপ্তিসহ সকল তথ্য দেখা যাইবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর Teletalk এর জবপোর্টাল ওয়েবসাইট (https://alljobs.teletalk.com.bd) এ সরাসরি প্রবেশ করিয়া বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় এর ওয়েবসাইট (www.ecs.gov.bd) হইতেও জানা যাইবে।

ঞ. Online-এ আবেদন করিতে কোন সমস্যা হইলে যেকোন Teletalk নম্বর হইতে ১২১ অথবা ই-মেইল (alljobs.query@teletalk.com.bd) এ যোগাযোগ করা যাইবে। এছাড়া Teletalk এর জবপোর্টাল এর ফেসবুক পেজ (https://www.facebook.com/alljobsbdteletalk) এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: ECS, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

ট. **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা করিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(১১) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করিয়া হাতে যথেষ্ট সময় নিয়া Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২৪/০৭/২৪

খোরশেদ আলম
উপসচিব (জনবল)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

নির্বাচন কমিশন সচিবালয় এর QR Code

টেলিটক এর QR Code